

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.mopme.gov.bd

বিষয়ঃ জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের অংশগ্রহণে ২০২০-২০২১ অর্থবছরে ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আকরাম-আল-হোসেন
সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
তারিখ : ২১ অক্টোবর ২০২০
সময় : বিকাল ৪.০০ ঘটিকা

২১ অক্টোবর ২০২০ তারিখে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোঃ আকরাম-আল-হোসেন এর সভাপতিত্বে জাতীয় শূদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত অংশীজনের অংশগ্রহণে ১ম সভা অনুষ্ঠিত হয়। ভার্সুয়াল পদ্ধতিতে Zoom এ অনুষ্ঠিত এ সভায় ব্রাহ্মণবাড়িয়া ও বাগেরহাট জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পিটিআই সুপার, উপজেলা শিক্ষা অফিসার, ইউআরসি ইন্সট্রাক্টর, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, এসএমসির সভাপতি, শিক্ষকবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ ও অভিভাবকবৃন্দ অংশগ্রহণ করেন। (অংশগ্রহণকারীদের তালিকা পরিশিষ্ট 'ক')

| ক্র: নং | আলোচ্যসূচী | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---------|--|--|--|
| ১ | চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে প্রাথমিক বিদ্যালয় পুনরায় চালুকরণের প্রস্তুতি। | কোভিড-১৯ পরিস্থিতিতে জনস্বাস্থ্য ও স্বাস্থ্যবিধি মেনে বিদ্যালয় পুনরায় চালুকরণের জন্য পূর্ব প্রস্তুতিমূলক বিভিন্ন কার্যক্রম গ্রহণ, যেমন বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন, হাত ধোয়া ও জীবানুমুক্তকরণ, ছর মাপার জন্য স্থানীয়ভাবে ইনফ্রারেড থার্মোমিটার ক্রয়সহ মন্ত্রণালয়ের ২৩ সেপ্টেম্বর ২০২০ তারিখের পরিপত্র অনুসরণে প্রস্তুতি গ্রহণ করতে হবে। প্রস্তুতি সম্পন্ন হওয়ার পর মন্ত্রণালয় কর্তৃক বিদ্যালয় চালু করণের নির্দেশনা দানের পর পাঠদানের জন্য খুলে দিতে হবে। | ডিপিইও, ইউইও, ও প্রধান শিক্ষক/শ্রেণি শিক্ষক |
| ২ | করোনাকালে শিক্ষার্থীদের আনন্দের সাথে পাঠদান অব্যাহত রাখা | বিদ্যালয় বন্ধ থাকার কারণে শিক্ষার্থীদের মানসিক বিকাশ অনেকাংশে বাধাগ্রস্ত হচ্ছে। এ সময় শিশুরা তাদের শিক্ষক বন্ধু বান্ধব এর সরাসরি সংস্পর্শে আসতে পারছেন। এ সময়টা সে বাইরে যেভাবে আনন্দের সাথে কাটাতো বাসায় বাবা মা বা আপনজনকে সেভাবে সঙ্গ দিতে হবে। শিক্ষার্থীদের বাড়ীতে অবস্থানকালীন সময়ে কোনভাবে শারীরিক বা মানসিক চাপ প্রয়োগ করা যাবে না। তাদের মানসিক বিকাশের লক্ষ্যে ভার্সুয়াল প্রাটফরমের মাধ্যমে পাঠদানের পাশাপাশি বিভিন্ন সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করতে হবে। বাংলা, ইংরেজি ও গণিত শিক্ষার উপরে বিশেষ জোর দিতে হবে। | ডিপিইও, ইউইও, প্রধান শিক্ষক/শ্রেণি শিক্ষক ও এসএমসি |
| ৩ | করোনা পরবর্তী পরিস্থিতিতে প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের ঝরে পড়া রোধ করা | করোনা পরিস্থিতিতে শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে মোবাইল ফোনে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। যেসব শিক্ষার্থীর মোবাইল ফোন নাই তাদের বাড়ী গিয়ে খোঁজ-খবর রাখতে হবে। যেসব শিক্ষার্থীর সাথে যোগাযোগ হচ্ছে না তাদের ঝরে পড়ার আশংকা রয়েছে। স্কুল খোলার সাথে সাথে সেসব বাড়ীতে ভিজিট করে তাদের পরিস্থিতি জেনে ব্যবস্থা নিতে হবে। | ডিপিইও, ইউইও, প্রধান শিক্ষক/শ্রেণি শিক্ষক ও এসএমসি |

Sahar

সভাপতি অনলাইনে মুক্ত শিক্ষার্থীদের পড়ার খোঁজ-খবর নেন। শিক্ষার্থীরা তাদের পাঠ্যবই হতে নির্বাচিত পাতার অংশবিশেষ পড়ে শোনায়। এছাড়া তাদের বিদ্যালয়, শিক্ষক-শিক্ষার্থী, স্কুল বন্ধ কালীন পড়াশোনা ও খেলাখুলা এবং Oneday one word কর্মসূচী বাংলায় ও ইংরেজী শব্দ শেখার অগ্রগতি বিষয়ে অবহিত করে।

পরিশেষে সভাপতি সর্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ এবং মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের মাধ্যমে ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলকে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

২৮/১০/২০২০

(মোঃ আকরাম-আল-হোসেন)

সিনিয়র সচিব

স্মারক নং-৩৮.০০.০০০০.০০৪.৩১.০০১.২০-৮২২

তারিখঃ ১২ কার্তিক ১৪২৭
২৮ অক্টোবর ২০২০

বিভরণঃ কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা
- ০৩। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা
- ০৪। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষন ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা
- ০৫। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ
- ০৬। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা
- ০৭। যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৮। উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ০৯। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১১। অফিস কপি

K. Zahar
25.10.2020
(আকরাম হোসেন)
উপসচিব
ফোন-৯৫৭৬৬৯১